মিরপুর ডিওএইচএস পরিষদ
মিরপুর, ঢাকা- ১২১৬
তারালাপনী- ৪৪৮০৬৬৪৪
ই-মেইলঃ mirpurdohsporishod@gmail.com

১৭৪২/এ/ডিওএইচএস/মিরপুর/এস-৬ ৩১ আগষ্ট ২০২৫

**নাগরিক সনদ প্রদানের নীতিমালা-২০২৫**

বরাত ঃ

ক। মিরপুর ডিওএইচএস পরিষদ পত্র নং ১৭০৪/ডিওএইচএস/মিরপুর/ইসি সভা-৩১/আইটেম-৪ তারিখ ২৭ আগষ্ট ২০২৫।

১। **ভূমিকা:** মিরপুর ডিওএইচএস একটি জনবহুল ও অভিজাত আবাসিক এলাকা। এখানে ৮,০০০ এর অধিক ফ্ল্যাট রয়েছে এবং প্রায় ৩০,০০০ বাসিন্দা এখানে বসবাস করেন। এলাকার বাসিন্দাদের সরকারি বেসরকারি বিভিন্ন প্রয়োজনে পরিষদ থেকে নাগরিক সনদের প্রয়োজন হয় এবং মিরপুর ডিওএইচএস পরিষদ ডিওএইচএস এর বাসিন্দাদের (প্লট মালিক, ফ্ল্যাট মালিক, ভাড়াটিয়া ও তাদের পরিবার সহ) এ সনদপত্র দিয়ে আসছে। কিন্তু কোনো লিখিত নীতিমালা না থাকায় একটি সু-স্পষ্ট নীতিমালা প্রনয়ন করার প্রয়োজন দেখা দিয়েছে। উল্লেখ্য যে, বরাত পত্রের মাধ্যমে বিষয়োক্ত সনদের জন্য একটি ফরম ইস্যু করা হয়েছে, যেখানে অধিকাংশ বিষয়গুলি অন্তর্ভূক্ত করা হয়েছে। সেই প্রেক্ষিতে সনদ প্রদানের জন্য একটি পূর্ণাঙ্গ নীতিমালা প্রনয়ন করা হলো।

২। **নাগরিক সনদের জন্য যারা আবেদন করতে পারবেন:**

ক। **প্লট মালিক/ফ্ল্যাট মালিক:**

(১) প্লট মালিক/ফ্ল্যাট মালিক ও তাঁর পরিবার যাদের তথ্য মিরপুর ডিওএইচএস পরিষদ কর্তৃক প্রকাশিত ডাইরেক্টরীতে রয়েছে অথবা পরিবার সম্পর্কিত অন্য কোন গ্রহনযোগ্য নথিপত্র যা পরিষদে সংরক্ষিত আছে/ উপস্থাপন করা হয়েছে।

(২) প্লট মালিক/ফ্ল্যাট মালিক এর বাবা-মা,ভাই-বোন, শ্বশুর-শাশুড়ী, নাতি-নাতনী, পুত্রবধু, জামাতা ও পালিত সন্তান যারা তাঁদের সাথে বসবাস করছেন।

খ। **ভাড়াটিয়া:** যে সকল ভাড়াটিয়া পরিবারসহ কমপক্ষে ৬মাস মিরপুর ডিওএইচএস এ বসবাস করছেন, তিনি ও তাঁর পরিবারের জন্য যাদের নাম ভাড়াটিয়া নিবন্ধন ফরমে উল্লেখ রয়েছে ।

৩। **নাগরিক সনদের জন্য যাদের আবেদন গ্রহনযোগ্য হবে না:**

ক। বাসায় স্থায়ী/অস্থায়ীভাবে কর্মরত সহকারী (বুয়া, কাজের ছেলে, ইত্যাদি)

খ। বাসার কেয়ারটেকার, নিরাপত্তাকর্মী, ড্রাইভার এবং বাসার জন্য নিয়োজিত অন্যান্য কর্মচারী।

গ। বাসায় অস্থায়ীভাবে বসবাসরত অতিথিসহ অন্য যে কোন বাসিন্দা।

ঘ। যে পালিত সন্তানের ব্যাপারে কোন সরকারি অনুমোদন বা তথ্য নেই।

ঙ। অফিস ভাড়াটিয়া এবং অফিস কর্মকর্তা/কর্মচারীদের কোন আবেদন গ্রহণযোগ্য হবে না।

চ। বিদেশী নাগরিক (বিভিন্ন সংস্থার কর্মরত স্থায়ী/অস্থায়ী বিদেশী নাগরিক)



\\DESKTOP-6E6OODF\ShearBox\Jubayer\প্রত্যয়ন পত্র\nagorik nitimala. doc.doc

CamScanner

৪। **নাগরিক সনদ প্রদানের শর্তাবলী :**

ক। ক্রোড়পত্র 'ক' তে প্রদত্ত ফরম পূরণ সাপেক্ষে প্রয়োজনীয় নথি সহ অফিসে জমা দিতে হবে। ফরম পূরণ করে জমা দানের ০১ (এক) কর্ম দিবস পরে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।

খ। ফ্ল্যাট মালিকের নামজারী না হলে এনআইডি কার্ডে স্থায়ী ঠিকানা হস্তান্তর যোগ্য নয়।

গ। নাগরিক সনদ এর সার্ভিস চার্জ বাবদ ৩০০/- টাকা আবেদনের সময় জমা দিতে হবে।

ঘ। সকল ক্ষেত্রে পরিষদের যাবতীয় সার্ভিস চার্জ চলতি মাস পর্যন্ত পরিশোধ থাকতে হবে।

৫। **যে সকল নথি প্রদান করতে হবে:**

ক। আবেদনকারীর জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

খ। নতুন ভোটারের জন্য অনলাইন ফরমে আবেদনকারীর স্বাক্ষর ও শনাক্তকারীর জাতীয় পরিচয় পত্র নম্বর এবং স্বাক্ষর সহ।

গ। ভোটার এলাকায় ভোটার স্থানান্তরের জন্য 'ফরম-১৩' এর মূল কপি।

ঘ। ফ্ল্যাট মালিকের জন্য নামজারী/ ফ্ল্যাট ক্রয়ের চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

ঙ। ভাড়াটিয়াদের জন্য 'ভাড়াটিয়া নিবন্ধন' ফরম ও বাড়িভাড়া চুক্তিপত্র।

চ। বাড়ীভাড়া চুক্তিপত্র, ভাড়াটিয়া নিবন্ধন ফরম, নামজারী পত্র ও এনআইডি/পাসপোর্ট/ জন্ম নিবন্ধন এর কপি সহ সকল নথি একবার দেয়া হলে দ্বিতীয় বার দেবার প্রয়োজন নেই।

৬। নাগরিক সনদ আবেদন ফরম (সংশোধিত) ক্রোড়পত্র 'ক' হিসেবে এতদসঙ্গে প্রদত্ত হলো।

৭। আপনাদের সদয় অবগতি ও পরবর্তী কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো।

**লে. কর্নেল মো. মাহফুজ হোসেন (অব.)**
**সেক্রেটারী**
**মিরপুর ডিওএইচএস পরিষদ**

ক্রোড়পত্রঃ

ক। নাগরিক সদনদের আবেদন ফরম।

বিতরণ ঃ
বর্হিগমন ঃ
কার্যক্রম ঃ
--------------------
(সকল প্লট/ফ্ল্যাট মালিক)





CamScanner

MIRPUR DOHS PORISHOD • MIRPUR DOHS • • DHAKA-1216

ক্রোড়পত্র 'ক'
১৭৪২/এ/ডিওএইচএস
মিরপুর/এস-৬
তারিখ: ৩০ আগষ্ট ২০২৫

ক্র/নং

# নাগরিক সনদের আবেদন ফরম

## মিরপুর ডিওএইচএস পরিষদ, ঢাকা-১২১৬

ছবি

১। আবেদনকারীর পদবী ও নাম

(ক) বাংলায় ঃ ..........................................................................................................

(খ) **English Block Letter:** ....................................................................................

২। পিতা/স্বামীর নাম (বাংলা/ **English Block Letter**):............................................................

৩। মাতার নাম (বাংলা/**English Block Letter**):..................................................................

৪। প্লট/ফ্ল্যাট মালিকের নাম ঃ .......................................................................................

৫। প্লট/ফ্ল্যাট মালিকের সাথে সম্পর্ক ঃ ............................................................................

৬। বাসস্থানের ঠিকানা- প্লট নং .................. ফ্ল্যাট...................... রোড .............. এভিনিউ .........................

৭। আবেদনকারীর মোবাইল / হোয়াটস অ্যাপ নং ঃ............................................................

৮। যে ভাষায় নাগরিক সনদ প্রয়োজন ঃ বাংলা ☐ **English** ☐

৯। যে প্রয়োজনে প্রত্যয়ন পত্র নেয়া হচ্ছে, (ক) পুলিশ ভেরিফিকেশন (গ) জাতীয় পরিচয়পত্র (গ) পাসপোর্ট। (ঘ) অন্যান্য

(কারণ উল্লেখ করুন)----------------------------------------------------------------------------------------

আবেদনকারীর স্বাক্ষর -------------------------

তারিখ : -------------------------------------

১০। "এই মর্মে প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোক্ত আবেদনকারী আমার ........................................................ এবং তিনি বিদেশী নাগরিক নন বা অবৈধ অভিবাসী নন। উপরোক্ত ব্যক্তিকে নাগরিকত্ব সনদ প্রদান করার জন্য সুপারিশ করা হলো।"

প্লট/ফ্ল্যাট মালিকের স্বাক্ষর --------------------

তারিখ : ----------------------------------------



CamScanner

# নাগরিক সনদ গ্রহণের শর্তাবলী ও প্রয়োজনীয় কাগজাদি

**প্লট/ফ্ল্যাট মালিকের জন্য:**

ক। প্লট মালিক/ফ্ল্যাট মালিক ও তাঁর পরিবার যাদের তথ্য মিরপুর ডিওএইচএস পরিষদ কর্তৃক প্রকাশিত ডাইরেক্টরীতে রয়েছে অথবা পরিবার সম্পর্কিত অন্য কোন গ্রহনযোগ্য নথিপত্র পরিষদে সংরক্ষিত আছে/উপস্থাপন করা হয়েছে এবং প্লট মালিক/ফ্ল্যাট মালিক এর বাবা-মা,ভাই-বোন, শ্বশুর-শাশুড়ী, নাতি-নাতনী, পুত্রবধু, জামাতা ও পালিত সন্তান যারা তাঁদের সাথে বসবাস করছেন।

খ। যার জন্য প্রযোজ্য তাঁর জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

গ। নতুন ভোটারের জন্য অনলাইন ফরম আবেদনকারীর স্বাক্ষর ও শনাক্তকারীর জাতীয় পরিচয় পত্র নম্বর এবং স্বাক্ষর সহ/ ভোটার এলাকায় ভোটার স্থানান্তরের জন্য 'ফরম-১৩' এর মূল কপি।

ঘ। ফ্ল্যাট মালিকের জন্য নামজারী/ ফ্ল্যাট ক্রয়ের চুক্তিপত্র (প্রযোজ্য ক্ষেত্রে)

ঙ। নাগরিক সনদ এর সার্ভিস চার্জ বাবদ ৩০০/- টাকা আবেদনের সময় জমা দিতে হবে।

**ভাড়াটিয়াদের জন্য:**

ক। যে সকল ভাড়াটিয়া পরিবারসহ কমপক্ষে ৬মাস মিরপুর ডিওএইচএস এ বসবাস করছেন, তিনি ও তাঁর পরিবারের জন্য যাদের নাম ভাড়াটিয়া নিবন্ধন ফরমে উল্লেখ রয়েছে ।

খ। যার জন্য প্রযোজ্য তাঁর জন্ম নিবন্ধন/ জাতীয় পরিচয় পত্রের ফটোকপি।

গ। নতুন ভোটারের জন্য অনলাইন ফরম আবেদনকারীর স্বাক্ষর ও শনাক্তকারীর জাতীয় পরিচয় পত্র নম্বর এবং স্বাক্ষর সহ/ ভোটার এলাকায় ভোটার স্থানান্তরের জন্য 'ফরম-১৩' এর মূল কপি।

ঘ। 'ভাড়াটিয়া নিবন্ধন' ফরম ও বাড়িভাড়া চুক্তিপত্র ।(প্রযোজ্য ক্ষেত্রে)

ঙ। নাগরিক সনদ এর সার্ভিস চার্জ বাবদ ৩০০/- টাকা আবেদনের সময় জমা দিতে হবে।

বি: দ্র: ১। **ফরম পূরণ করে জমা দানের ০১ (এক) কর্ম দিবস পরে প্রত্যয়ন পত্র সংগ্রহ করতে হবে।**

---

## [কেবলমাত্র অফিসে ব্যবহারের জন্য]

---

১। **আবেদনকারীর তথ্য যাচাইকারী.................**

২। **প্লট/ফ্ল্যাট/ভাড়াটিয়া, নাম:--------------------------------------------------প্লট নম্বর ........... ফ্ল্যাট নং.........**

ক। **সকল সার্ভিস চার্জ পরিশোধ আছে কিনা ? হ্যাঁ ☐ না ☐ বকেয়ার পরিমান..........................................**

খ। **নাগরিক সনদ এর সার্ভিস চার্জ বাবদ গ্রহণ...................... একাউন্টস্ ম্যানেজারের স্বাক্ষর.....................**

**জিএম (প্রশাসন)**

-------------------------------

**তারিখঃ -----------------------**

**স্থানঃ মিরপুর ডিওএইচএস পরিষদ**

\\DESKTOP-6E60QDF\ShearBox\Jubayer\প্রত্যয়ন পত্র\nagorik sonod from new.doc

CamScanner